

পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষা পর্ষদ

অনুশীলন পত্র (সিনিয়র মাদ্রাসা)

বিষয় -- বাংলা

শ্রেণি -- নবম

১। কম-বেশি ২০ টি শব্দের মধ্যে নীচের প্রশ্নগুলির উত্তর দাও:

১.১ মেঘ-ঝড়-বৃষ্টি থেকে রক্ষা পাওয়ার জন্য কলিঙ্গবাসী কার কথা স্মরণ করেছেন ?

১.২ ঋষি দুর্বাসা শকুন্তলাকে কী অভিশাপ দিয়েছিলেন ?

১.৩ শকুন্তলা দুঃখকে আংটি দেখাতে পারেননি কেন ?

১.৪ ইলিয়াস কোন্ জনগোষ্ঠীর মানুষ ছিল ?

১.৫ "সভায় জাঁকিয়ে বক্তৃতা করা গেল।" -- কোন্ সভায় কে বক্তৃতা করল ?

১.৬ 'নব নব সৃষ্টি' প্রবন্ধে লেখক কোন্ উর্দু কবির কথা উল্লেখ করেছেন ?

১.৭ মৌলিক স্বরধ্বনি কাকে বলে ? উদাহরণ দাও।

১.৮ অভিশ্রুতি কাকে বলে ?

১.৯ রাতি > রাইত -- কোন্ ধরনের ধ্বনি পরিবর্তন ?

২। কম-বেশি ৬০ টি শব্দের মধ্যে নীচের প্রশ্নগুলির উত্তর দাও:

২.১ "কলিঙ্গে সোঙরে সকল লোক যে জৈমিনি।।" -- জৈমিনি কে ? কলিঙ্গবাসীর জৈমিনিকে স্মরণের কারণ কী ?

২.২ "প্রতি বছরই তার অবস্থার উন্নতি হতে লাগল।" -- কার অবস্থার কীভাবে উন্নতি হতে লাগল ?

২.৩ "আমাকে নিয়ে গল্প লিখেছে।" -- কে কাকে নিয়ে কেন গল্প লিখেছে ?

২.৪ "ধর্ম বদলালেই জাতির চরিত্র বদলায় না।" -- 'নব নব সৃষ্টি' রচনা অবলম্বনে এই উক্তি সত্যতা বিচার করো।

৩। কম-বেশি ১৫০ শব্দের মধ্যে নীচের প্রশ্নগুলির উত্তর দাও:

৩.১ "নিরবধি সাত দিন বৃষ্টি নিরন্তর।" -- কলিঙ্গবাসীর জীবনে এর কী প্রভাব পড়েছিল কবিতা অনুসরণে লেখো।

৩.২ "শকুন্তলা অপমানিতা হলেন রাজসভায়।" -- কোন্ রাজসভায় শকুন্তলা অপমানিতা হলেন ? তাঁর অপমানিতা হওয়ার কারণ কী ?

৩.৩ "এ অপরাধ আমি বইব কী করে, এ লজ্জা আমি কোথায় রাখব!" -- অপরাধবোধ এবং আত্মগ্লানি দূর হয়ে কীভাবে বক্তার আত্মশুদ্ধি ঘটল তা সংক্ষেপে লেখো।

৩.৪ ভাবসম্প্রসারণ করো:

স্বার্থমগ্ন যে জন বিমুখ

বৃহৎ জগৎ হতে, সে কখনও শেখেনি বাঁচিতে।

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় প্রশ্নগুলির উত্তর লিখবে এবং মাদ্রাসা খুললে শিক্ষক/শিক্ষিকার কাছে জমা দেবে।

বাড়ির ভেতরে করলে বাস, দূর হঠবে করোনা ভাইরাস।